ঝিনাইদহে হতদরিদ্রদের মাঝে ঔষধ বিতরণ

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়ের সহযোগিতায় ঝিনাইদহে পিছিয়ে পড়া হতদরিদ্র কর্মহীন মানুষের মাঝে ঔষধ ও পুষ্টিকর খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলার কানুহরপুর দাখিল মাদ্রাসায় এ উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক ডাঃ জাহিদ আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মোঃ ওয়ালিউর রহমান। এছাড়া ইউনিয়ন পরিষদ সদস্য সেলিম হোসেন, স্বাস্থ্য পরিদর্শক ফিরোজ আহমেদ, ইয়াসমিন, মাদ্রাসার সভাপতি আরিফ আহমেদ জনি সহ স্বানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সেবা সংঘের পরিচালক আনিছুর রহমান স্বাগত বক্তব্য দেন।

সভাপতিত্ব করেন সেবা সংঘের সভাপতি আমিনুর রহমান টুকু। অনুষ্ঠানে আলোচনা শেষে প্রধান অতিথি উপস্থিত থেকে ৫০ জন হতদরিদ্র কর্মহীন মানুষের মাঝে ঔষধ ও পুষ্টিকর খাদ্যসামগ্রী, হেল্থ সেনিটাইজার, মাস্ক, সাবান ইত্যাদি সামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে করোনা প্রতিরোধে করনীয় বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রদল ও সদর উপজেলা ছাত্রদলের কমিটির স্থগিতাদেশ প্রত্যাহার

মেহেরপুর জেলা ছাত্রদল ও সদর উপজেলা ছাত্রদলের কমিটির স্থগিতাদেশ প্রত্যাহার করেছে কেন্দ্রীয় ছাত্রদল। গতকাল সোমবার ছাত্রদল

কেন্দ্রীয় সংসদের সভাপতি ফজলুর রহমান খোকন ও সাধারণ সম্পাদক ইকবাল হোসেন শ্যামলের নির্দেশে কেন্দ্রীয় সহ দপ্তর সম্পাদক সম্পাদক আজিজুল হক সোহেল স্বক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য জানিয়েছে ।

এবিষয়ে জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি জানান, গত ৩ই ফেব্রুয়ারি ২১ ইং তারিখে সাংগঠনিক কার্যক্রমে গতিশীল আনার লক্ষ্যে স্থগিতাদেশ দেওয়া হয়েছিল। গতকাল সোমবার পুনরায় এই কমিটি বহাল রেখেছেন কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক।

তাই আমরা মেহেরপুর জেলা ছাত্রদলের পক্ষ থেকে দেশ ও জাতির কল্যাণে কেন্দ্রীয় ঘোষিত সকল কর্মসূচী আরও বেগবান ও সফল করবো ইনশাআল্লাহ।

মেহেরপুর জেলা ও উপজেলা ছাত্রদলের কমিটি পুনরায় বহাল রাখায় জাতীয়তাবাদ ছাত্রদলের সাংগঠনিক অভিভাবক তারেক রহমানসহ দায়িত্ব প্রাপ্ত নেতৃবৃন্দের প্রতি মেহেরপুর জেলা ছাত্রদলের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

অভাবের সংসারে প্রতিবন্ধী সন্তানকে নিয়ে বিপাকে বাবা-মা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বাগুটিয়া গ্রামের দরিদ্র বাকপ্রতিবন্ধী বিপ্লব শেখের প্রতিবন্ধী মেয়ে সুহায়বা (৩)।

ফুটফুটে সুন্দর চেহারার শিশুটি জন্মের পর থেকেই শারিরীক প্রতিবন্ধী। তার দুই হাত ও দুই পা নেই বল্লেই চলে। চটপটে কথা বলতে পারা বাচ্চাটি হাটতে পারেনা ও কিছ ◌ুধরতেও পারেনা। এমনকি খাবারটাও খেতে পারেনা নিজ হাতে এবং অন্যের সাহায্য ছাড়া চলতে পারেনা।

তার বাকপ্রতিবন্ধী বাবা বিপ্লব শেখের নিজের কোনো জমি নেই । রাজমিস্ত্রির যোগালে হিসাবে কাজ করে দিন আনে দিন খায়। তবে

বাকপ্রতিবন্ধী হওয়ায় সবসময় সে কাজ পায়না। তাছাড়া করোনার সময় এখন কাজও কম। তাদের আরেকটি কন্যা সন্তানের বয়স ৭ বছর।

শিশুটির মা চুমকি বেগম জানান, জন্ম থেকেই তার মেয়েটি শারিরীক প্রতিবন্ধী এবং বয়স না হওয়ার কারণে তার ভাতা হচ্ছেনা। সংসার চালাতে প্রতিনিয়ত হিমশিম খেতে হচ্ছে তাদের। প্রতিবন্ধী সন্তানকে নিয়ে বিপাকে আছেন বাবা-মা।

সমাজের বিত্তবানদের নিকট আর্থিক সহায়তা চেয়েছে শিশুটির পরিবার। নগদ একাউন্ট নং ০১৭৯২৪৮৫৭৪০ নং টি শিশুটির মা চুমকি বেগমের।

এ ব্যাপারে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাসুদ আহমেদ জানান, বাচ্চাটাকে আমি দেখেছি। তবে তার বয়স ৬ বছর না হওয়া পর্যন্ত তাকে কোনো ভাতা প্রদান করা যাচ্ছে না।

কোটচাঁদপুরে আবারো মোটরসাইকেল দূর্ঘটনায় আহত ১ জনের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ১ সপ্তাহের ব্যবধানে আবারো মোটরসাইকেলের ধাক্কায় আহত মফিজুর রহমান (৪৮) নামে এক ব্যাক্তি চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। গত রবিবার সন্ধায় ঢাকা নিউরোসাইন্স হাসপাতালে তার মৃত্যু হয়। নিহত মফিজুর রহমান পৌর শহরের সলেমানপুর গ্রামের উত্তরপাড়ার মৃত শফি উদ্দীনের ছেলে।

পরিবার সূত্রে জানাযায়, গত শনিবার (১২ জুন) সন্ধায় শহরের সলেমানপুর গ্রামে চৌগাছা সড়কে নিজ বাড়ির সামনে মফিজুর রাস্তা পার হচ্ছিলেন। এসময় পিছন দিক থেকে দ্রুতগতি আসা একটি মোটরসাইকেল মফিজকে সজোরে ধাক্কা দেয়।

এতে সে মাথায় গুরতর আঘাত পায়। স্থানীয়রা গুরতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে রাতেই কর্তব্যরত চিকিৎসক তাকে প্রথমে যশোর

সদর জেনারেল হাসপাতালে পাঠায়। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

সেখানে চিকিৎসাধীন অবস্থায় রবিবার সন্ধায় তার মৃত্যু হয়। দুই সন্তানের জনক মফিজুরের মৃত্যুতে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

সোমবার সকালে সলেমানপুর উত্তরপাড়া জামে মসজিদে জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। এসময় উপস্থিত ছিলেন, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডল সহ ধর্মপ্রাণ মুসলমানরা।

শিক্ষা প্রতিষ্ঠান বন্ধে কোটচাঁদপুরে বেড়েছে বাল্য বিয়ে

মহামারী কোভিড-১৯ করোনা সংক্রমণ রোধে শিক্ষা মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী দীর্ঘদিন যাবত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় বেড়েছে বাল্য বিয়ের প্রবণতা। প্রায়ই বাল্য বিয়ের কবলে পড়ছে কন্য শিশুরা। করোনার শুরু থেকে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ, যৌন হয়রানী, পরিবারের আয়ের ক্ষমতা কমে যাওয়ার ফলে বাল্য বিয়ের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে বলে মনে করেন সুশীল সমাজ।

দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ফলে কন্যা সন্তানের সুরক্ষা, বন্ধু বান্ধবের সহায়তা না পাওয়া, সহায়তা কার্যক্রম থেকে দূরে থাকা এবং দারিদ্রতা বেড়ে যাওয়ায় মহামারীর বলি হচ্ছে শিশু কন্যারা। প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে লোক চক্ষুর আড়ালে অভিভাবকরা অপ্রাপ্ত বয়সেই কন্যা শিশুদের বিয়ে দিচ্ছেন বলে অনুসন্ধানে জানা যায়। স্থানীয় প্রশাসন বাল্য বিয়ে, সাইবার বুলিং, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা ও

সংবেদনশীলতা তৈরী এবং ঐক্যবদ্ধভাবে কাজ করতে শিক্ষক-শিক্ষার্থী অভিভাবক, স্থানীয় জনপ্রতিনিধি, গণমাধ্যমকর্মী এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সম্পৃক্তকরনের লক্ষে সমাজে সম্মিলিত উদ্যোগ গ্রহন করলেও দায়িত্বশীল ভূমিকা পালনে ব্যর্থ হচ্ছেন অনেক শিক্ষার্থীদের অভিভাবকরা।

অনেকটা লোক-চক্ষুর আড়ালে প্রশাসনকে বৃদ্ধাঙ্গলী দেখিয়ে বাল্য বিয়ের ঝুঁকিতে ফেলে দিচ্ছেন কমলমতি এইসব শিক্ষার্থীদের অভিভাবকরা। পরিবারের চাপে কিছু বুঝে উঠার আগেই বিয়ের পিড়িতে বসছে কমলমতি এইসব শিক্ষার্থীরা। ফলে অনেক সময় ডির্ভোসের মত ঘটনাও ঘটছে এইসব কন্য শিশুদের ভাগ্যে । সম্প্রতি উপজেলার দোড়া ইউনিয়নের ভগবানপুর গ্রামের আব্দুল হাকিমের সপ্তম শ্রেণী পড়ুয়া এক মেয়েকে বাল্য বিয়ের ৩ দিনের মাথায় স্বামীর ঘরে যেতে না চাওয়ায় ডির্ভোসের পথ বেছে নিয়েছে পরিবারটি।

অনেক অপ্রাপ্ত নাবালিকা মেয়েরা স্বামী সংসার কিছু না বুঝলেও জোর পূর্বক পাঠানো হচ্ছে স্বামীর ঘরে। সচেতন মহল মনে করেন, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বাল্য বিয়ের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। পরিবারের অভিভাবকরা যদি সচেতন না হয়, তবে কোন ভাবেই বাল্য বিয়ের মত ভয়ানক এই ব্যাধি রোধা করা সম্ভব না।

একটি গবেষণায় ইউনিসেফ বলেছে, সারা বিশ্বে কোভিড-১৯ এর কারনে ১ কোটির বেশি কন্যা শিশু বাল্য বিয়ের ঝুঁকিতে। বাংলাদেশ বাল্য বিয়েতে বিশ্বের চতুর্থ। বাল্য বিয়ে রোধে স্থানীয় প্রশাসনের কার্যক্রম সর্ম্পকে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন বলেন, বাল্য বিয়ে বন্ধে ও সচেতনতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে উপজেলা প্রশাসন। স্থানীয় জন প্রতিনিধিদের সম্পৃক্ত করা হচ্ছে। সেই সাথে বাল্য বিয়ের খবর পেলেই ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে অর্থদন্ড সহ কারাদন্ড প্রদান করা হয়। এসময় তিনি, বাল্য বিয়ে রোধে অভিভাবকদের আরো সচেতন হওয়ার আহ্বান জানান।

নারী কেলেংকারী: ইউপি সদস্যকে গাছে বেঁধে পেটালো এলাকাবাসী

কুষ্টিয়ার দৌলতপুরে নারী কেলেংকারীর অপরাধে শাহজাহান আলী (৩৫) নামে এক ইউপি সদস্যকে গাছে বেঁধে পিটিয়েছে এলাকাবাসী। শাহজান আলী উপজেলার রিফাইতপুর ইউনিয়নের ৩ নাম্বার ওয়ার্ডের বর্তমান ইউপি সদস্য।

রবিবার দুপুরে উপজেলার রিফাইতপুর ইউনিয়নের আন্দালবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। এলাকাবাসী জানান ওই ইউপি সদস্য শাহজাহান আলী একজন নারী লোভী মানুষ। অতীতে তার তিন তিনটা স্ত্রী থাকলেও সপ্তাহ দুয়েক আগে রিফাইতপুর ইউপির আন্দলবাড়িয়া গ্রামের এক মেয়েকে ভাগিয়ে নিয়ে বিয়ে করেন। এ নিয়ে শাজাহান মেম্বারের স্ত্রীর সংখ্যা দাঁড়ায় চারে।

রবিবার দুপুরে ওই মেয়েকে সাথে নিয়ে তার বাবার বাড়িতে নিয়ে আসলে এলাকাবাসী ওই মেম্বার কে গণপিটুনি দিয়ে খেজুর গাছে বেঁধে রাখলে স্থানীয় দিগলকান্দি ক্যাম্পের পুলিশ এসে তাকে উদ্ধার করে।

এ ব্যাপারে দিগলকান্দি পুলিশ ক্যাম্পের ইনচার্জ হামিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, শাজাহান মেম্বারের আগেও একাধিক বউ রয়েছে। তারপরেও সে একটি অবিবাহিত মেয়েকে বের করে নিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে তাকে এলাকাবাসী মারধর করার সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে তাকে উদ্ধার করা হয়।

এ ব্যাপারে রিফাইতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জামিরুল ইসলাম বাবু জানান, এলাকাবাসী গাছে বেঁধে শাজাহান মেম্বারকে মারধরের ঘন্টা খানেক পরে আমি বিষয়টা জানতে পারি, সে একটা মেয়েকে বের করে নিয়ে গেছে এই জন্য তাকে মারধর করা হয়েছে এর বেশি কিছু আমি আর জানিনা। এ ব্যাপারে কথা বলার জন্য অভিযুক্ত ইউপি সদস্য শাহজাহান আলীর সাথে যোগাযোগ করার চেষ্টা করলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

ঝিনাইদহে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শাখা’র উদ্বোধন

ঝিনাইদহে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড এর ১৮৫তম শাখার উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১১টায় প্রধান কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথি থেকে নতুন এ শাখার উদ্বোধন করেন ব্যাংকের সাবেক চেয়ারম্যান ও বর্তমান পরিচালক আনোয়ার হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক ফরমান আর. চৌধুরী। এদিকে উদ্বোধন উপলক্ষে শহরের শের-ই বাংলা সড়কের ঝিনাইদহ শাখার কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের খুলনা জোনের প্রধান মজিবুর রহমান, হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সাবেক সভাপতি মাহমুদুল ইসলাম ফোটন, জোহান এগ্রো ফুড লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন, সরকারি কেসি কলেজের সহযোগি অধ্যাপক আনিছুর রহমান প্রমুখ।

এছাড়াও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণি পেশায় মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক আসাদুজ্জামান এভিপি। অনুষ্ঠানে বক্তারা, ব্যাংক থেকে গ্রাহকরা যাতে করে সহজ শর্তে ঋণ ও ভালো মানের সেবা পাই সেদিকে নজর রাখার আহবান জানান।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা রহমতুল্লাহকে রাষ্ট্রীয়

মর্যাদায় দাফন

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি গ্রামের বীর মুক্তিযোদ্ধা রহমতুল্লাহকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। সকল বিধি মেনে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা ও সম্মাননা জানানো এবং তার পরিবারের সদস্যদের সমবেদনা জানানো হয়।

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি কদমতলা পাড়ার মৃতঃ রহিম বক্সের ছেলে বীরমুক্তিযোদ্ধা রহমতুল্লাহ বদ্দি ইন্তেকাল করায় গভীর শোক প্রকাশ ও গভরি সমবেদনা জানিয়েছেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি।

সংক্ষিপ্ত জীবনীঃ কুড়ুলগাছির কদমতলার মৃতঃ রহিম বক্সের ছেলে রহমতুল্লাহ। অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন। ঝিনাইদহ কেসি কলেজে পড়ার সময় কলেজ ছাত্রসংসদ নিবাচনে জিএস হন। পরে জেলার সাধারণ সম্পাদক হন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় আব্দুল লতিফ হলের জিএস নিবাচিত হন। পরের বছরে রাকসু নিবাচনে জিএস হন। তিনি ১৯৬৯ সালে বাংলাদেশ ফুটবল দলের ক্লাব পযায়ে ঢাকার একটি ক্লাব হতে পাকিস্তানে খেলার জন্য নিবাচিত হন । কিন্ত স্বাধীনতার আন্দোলের সময় খেলতে যাওয়া হয়নি আর। স্বাধীনতার পর কেরুতে লেভার অফিসার হিসাবে চাকুরীতে যোগদান করেন। এবং মধুখালী সুগার মিল হতে মহাব্যবস্থাপক হিসাবে অবসর গ্রহন করেন। অবসরের পরে আবার রাজনীতিতে জড়িয়ে পড়েন।

স্বাধীনাতা পূর্ববর্তী সময়ে বাংলাদেশ ছাত্রলীগের প্রার্থী হিসাবে ঝিনাইদহ কে সি কলেজ ছাত্র সংসদের নির্বাচিত জি,এস এবং বাংলাদেশ ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সংগ্রামী ছাত্রনেতা, ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধে মুজিব বাহিনীর কমান্ডার, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অবসর প্রাপ্ত কর্মকর্তা, কুড়ুলগাছির কৃতি সন্তান বাংলাদেশ আওয়ামীলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সংগ্রামী সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা শ্রদ্ধেয় রহমতুল্লাহর ইন্তেকাল করায় গভীর শোক প্রকাশ করছি গতকাল শুক্রবার বাদ জুম্মা রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দাফন সম্পন্ন হয়েছে।

স্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও এর উদ্যোগে সপ্তাহব্যাপী বৃক্ষ রোপন শুরু

প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য রক্ষায়, ‘গাছ লাগান পরিবেশ বাঁচান’ স্লোগান ।“সবুজে থাকুন – সবুজে বাঁচুন এই স্লোগানকে বুকে ধারন করে চারা রোপনের অংশ হিসেবে সপ্তাহব্যাপী বৃক্ষ রোপন কর্মসূচী শুরু করেছেন ত্রিশালের বৃহত্তম অরাজনৈতিক সামাজিক সংগঠন “স্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও ”।

শুক্রবার, ১১ জুন সকাল ১০টায় ত্রিশাল পৌরসভার ১নং ওয়ার্ডস্থ নজরুল যাদুঘর প্রাঙ্গনে সংগঠনের সদস্যরা উপস্থিত হয়ে নামাপাড়ার আশেপাশে সামাজিক দূরত্ব বজায় রেখে বর্ণাঢ্য ভাবে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করছে।

চারা রোপনের আগে ত্রিশাল পৌরসভার ১নং ওয়ার্ডস্থ নজরুল যাদুঘর প্রাঙ্গনে একটি সংক্ষিপ্ত আলোচনা সভা
স্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও এর জহির রকারের সভাপতিত্বে সাধারণ সম্পাদকের পরিচালনায় অনুষ্ঠিত হয় ।

প্রধান অতিথি বলেন, গাছ আমাদের ছায়া দে, বাতাস দে, প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য রক্ষা করে, তাই দেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে, দেশে চারা রোপন করা হচ্ছে । তাই আমাদের সবাইকে বৃক্ষ রোপনে এগিয়ে আসতে হবে, দেশ, মাটি ও মানুষের কল্যাণে বৃক্ষ রোপনের কোন বিকল্প নেই । এসময় তিনি “স্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও ” এর সাথে যুক্ত থাকা সকল সদস্যকে আগামীতে বৃক্ষ রোপনে আরো বেশী ভুমিকা রাখার আহবান ও ধন্যবাদ জানান ।

“স্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও ” সভাপতি মো: জহির সরকার ও সাধারণ সম্পাদক শাহিন সরকার জানান, “সবুজে থাকুন – সবুজে বাঁচুন“ এই স্লোগানকে ক্লাবের সদস্যরা বুকে ধারন করে চারা রোপনের অংশ হিসেবেস্বেচ্ছাসেবী সংগঠন পাশে দাঁড়াও উদ্যোগে সপ্তাহব্যাপী বিভিন্ন গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্টানসহ ত্রিশাল উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার বিশেষ বিশেষ দর্শনীয় জায়গায় বৃক্ষরোপণ কর্মসূচী বাস্তবায়ন করা হবে। এবারের কর্মসূচিতে রোপণ

করা হচ্ছে ফলজ হিসেবে কাঁঠাল, পেয়ারা, আম, জাম, জাম্বুরা, আমলকি, ওষুধি হিসেবে অর্জুন, বহেরাসহ বিভিন্ন প্রজাতির চারা গাছ। তারা আরও জানান, সংগঠনর পক্ষ থেকে আগামীতে আরো বেশী বৃক্ষ রোপন করা হবে এবং এ ধারা অব্যাহত থাকবে ।

দর্শনায় করোনা ভাইরাস প্রতিরোধে করণীয় শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

করোনার টিকা দাও, স্কুল কলেজ খুলে দাও, স্বাস্থ্য খাতে দূনীতি বন্ধ করো, সংস্কার করে দেশের মানুষের মাঝে দ্রুত করোনার টিকা দিয়ে জীবন রক্ষা করার দাবী জানালেন প্রধান অতিথি দর্শনা প্রাক যুদ্ধকালীন মুক্তিযুদ্ধ পরিচালনা পরিষদের সদস্য অ্যাডঃ মোঃ শহিদুল ইসলাম।

শুক্রবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা জন্য আমরা সংগঠনের আয়োজনে উদ্ভিদ সংঘনিরোধ কেন্দ্র করোনা ভাইরাস প্রতিরোধে করণীয় শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠানে এই কথা বলেন তিনি।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ মোঃ মোশারফ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধ সৈয়দ মোঃ মজনুর রহমান, দর্শন জন্য আমরা কমিটির আহবায়ক মোঃ আনারুল ইসলাম বাবু, প্রভাষক হাওয়াতুন খাতুন, সাংবাদিক মাহফুজ উদ্দিন খান, মোঃ হানিফ মন্ডল, ছাত্রনেতা আসলামুল হক আল আমিন, ফারহান আহমেদ প্রমুখ।